



সৌদি, ইরাক ও ইরানে ভূমিকম্পের কম্পন অনুভূত



সংগৃহীত ছবি

সৌদি আরবের পশ্চিমাঞ্চলীয় হরাত আল-শাকা এলাকায় রিখটার স্কেলে ৩.৪ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। একই সময়ে ইরাক এবং ইরানেও শক্তিশালী কম্পন রেকর্ড করা হয়েছে, যার মাত্রা ছিল ৫.০৯।

সৌদি জিওলজিক্যাল সার্ভে (এসজিএস)-এর বরাতে সৌদি গেজেট জানিয়েছে, শনিবার দেশটির জাতীয় সিসমিক মনিটরিং নেটওয়ার্ক এই কম্পন শনাক্ত করেছে। ভূমিকম্পের কেন্দ্র ছিল মদিনার আল-আইস ও তাবুকের উমলুজ গভর্নরেটের মধ্যবর্তী হরাত আল-শাকা এলাকা, যা প্রায় ৮৬ কিলোমিটার উত্তর-পশ্চিমে অবস্থিত। এই অঞ্চলটি সৌদি আরবের অন্যতম গুরুত্বপূর্ণ আগ্নেয় লাভাক্ষেত্র হিসেবে পরিচিত। এখন পর্যন্ত বড় ধরনের কোনো ক্ষতি বা দুর্ঘটনার খবর পাওয়া যায়নি।

LENS ASIA